

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

স্মারক নম্বর: ০৫.৮১.০০০০.০০৫.৪৯.০০৫.২৩.৫০


তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট ভিজিট।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংযুক্ত ও একটি সংবিধিবদ্ধ সংস্থা। এটি একটি সেবামূলক প্রতিষ্ঠান। বোর্ডের প্রধান কার্যালয় ঢাকা মহানগরসহ দেশের ৮টি বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রজাতন্ত্রে কর্মরত আনুমানিক ১৩ লাখ এবং অবসরভোগরত ৬ লাখসহ ১৯ লাখ সরকারি কর্মচারী ও তাঁদের পরিবারবর্গসহ প্রায় ১ কোটি মানুষের জন্য বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড দেশের অসামরিক প্রশাসনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নানাবিধ সহায়তা প্রদান করলেও কল্যাণ বোর্ডের সেবাসমূহ সম্পর্কে যথাযথভাবে অবহিত না থাকায় কর্মচারীগণের মধ্যে একটি উল্লেখযোগ্য অংশ বিভিন্ন সুবিধা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছেন। বোর্ডের কার্যক্রম পর্যালোচনা ও ভবিষ্যৎ রূপরেখা প্রণয়ন বিষয়ে বিভাগীয় ও কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালায় বোর্ডের সেবা কার্যক্রম সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার মাধ্যমে সকলকে অবহিতকরণের সুপারিশ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে জাতীয় তথ্য বাতায়নের গুরুত্বপূর্ণ লিংকে অগ্রাধিকার দপ্তর তালিকায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইট লিংক (www.bkkb.gov.bd) যুক্ত করা হয়েছে। এতে কল্যাণ বোর্ডের সেবা কার্যক্রম সম্পর্কে অতি সহজেই প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হবে।

০৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সংযুক্ত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট লিংক (www.bkkb.gov.bd) পরিদর্শনপূর্বক বিদ্যমান সেবা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মুঃ মোহসিন চৌধুরী)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩
ই-মেইল: dg@bkkb.gov.bd

স্মারক নম্বর: ০৫.৮১.০০০০.০০৫.৪৯.০০৫.২৩.৫০

তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।
৫. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১০. মহাপরিচালক (সচিব) এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৩. তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ।
১৪. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।